

ফতওয়া নং ২৭১

প্রশ্ন:

জানাজার পরে মাইয়েত দাফনের আগে কি মোনাজাত হাত তুলে করা যাবে ?

উত্তর:

মৃত ব্যক্তির জন্য দু'আ ও ক্ষমাপ্রার্থনা করাই জানাযার মূল উদ্দেশ্য। তাই জানাযার নামাযই মূলত দু'আ, এরপর দাফনের পূর্বে সম্মিলিত দু'আ করা শরীয়তে প্রমাণিত নয়। আর যা কোরআন-সুন্নাহ তথা শরীয়তে প্রমাণিত নয় তা সাওয়াবের কাজ মনে করে করা বা তাকে সুন্নাত অথবা জরুরি মনে করা বিদ'আত, যা একান্ত বর্জনীয়।

(আলমুহীতুল বুরহানী ২/২০৫ পৃঃ দ্রষ্টব্য)

নবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'কেউ আমাদের এ শরী'আতে নাই এমন কিছুর অনুপ্রবেশ ঘটালে তা প্রত্যাখ্যাত। সহিহ বুখারী, হাদিস নং ২৬৯৭

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।

১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)